



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/26/2021

গভর্নর ক্যাথি হোকল

নতুন কোভিড ভ্যারিয়েন্ট সম্পর্কে গভর্নর ক্যাথি হোকলের বিবৃতি

"আমরা SARS-CoV-2 ভ্যারিয়েন্ট B.1.1.529, যা ওমিক্রন ভ্যারিয়েন্ট নামেও পরিচিত, এর বিস্তার পর্যবেক্ষণ করছি। সিকোয়েন্সগুলোর তুলনা করা এবং ছড়িয়ে পড়তে থাকা নতুন ভ্যারিয়েন্টগুলো শনাক্ত করার জন্য স্বাস্থ্য বিভাগের (Department of Health) ওয়াডসওর্থ সেন্টার ল্যাবরেটরি (Wadsworth Center Laboratory) নিউ ইয়র্ক স্টেটব্যাপী বিভিন্ন জায়গা থেকে সংগ্রহ করা কোভিড-19 ভাইরাসের নমুনাগুলো সক্রিয়ভাবে পর্যবেক্ষণ করা অব্যাহত রাখবে। যদিও আমরা এখনো কোনো ওমিক্রন কেস শনাক্ত করিনি, আমরা এ ব্যাপারে বিস্মিত হইনি যে নতুন ভ্যারিয়েন্টের উদ্ভব ঘটছে এবং তা নিউ ইয়র্কে চলে আসার সম্ভাবনা রয়েছে। আমরা WHO-এর কার্যকলাপ পর্যবেক্ষণ করা অব্যাহত রাখবো এবং অগ্রগতির উপর নিবিড়ভাবে দৃষ্টি নিবদ্ধ রাখতে CDC-তে আমাদের অংশীদারদের সাথে কাজ করবো।"

"আমি নিউ ইয়র্কবাসীদেরকে এই প্রাণঘাতী ভাইরাসের বিস্তার কমিয়ে আনার জন্য আমাদের জানা সতর্কতামূলক পদক্ষেপগুলো গ্রহণ করা অব্যাহত রাখার কথা স্মরণ করিয়ে দিতে চাই: ঘরের ভেতরে জনসমাগমের স্থানগুলোতে মাস্ক পরিধান করুন, হাতের স্বাস্থ্যবিধি যথাযথভাবে মেনে চলুন, পরীক্ষা করান, এবং অসুস্থ হলে বাড়িতে থাকুন। এছাড়াও এই মহামারীর বিরুদ্ধে লড়াইয়ে টিকা আমাদের সর্বোত্তম হাতিয়ারগুলোর মধ্যে একটি হিসেবে রয়ে গেছে, এবং এই সংবাদটি আমাদের প্রত্যেকের জন্য টিকা গ্রহণ করার এবং পুরোপুরিভাবে টিকাপ্রাপ্ত হয়ে থাকলে বুস্টার ডোজ গ্রহণ করার প্রয়োজনকে আরো জোরালোভাবে তুলে ধরে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418